গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, বরগুনা
আইসিটি শাখা।
www.barguna.gov.bd

স্মারক নং-০৫.১০.০৪০০.১২৩.০২.০০৭.১৯-**১৭৭(১)**

তারিখ: ১৩ চৈত্র ১৪৩০ / ২৭ মার্চ ২০২৪

**সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) কর্মপরিকল্পনা ২০২৩-২৪ বাস্তবায়ন সংক্রান্ত জেলা পরিবীক্ষণ কমিটির ৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব শুভ্রা দাস, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বরগুনা। |
| সভার স্থান | : | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বরগুনা এর অফিস কক্ষ। |
| সভার তারিখ | : | ২৭ মার্চ ২০২৪ |
| সময় | : | বেলা ১২.৩০ ঘটিকা। |

**সভায় উপস্থিত সদস্যবৃন্দ/কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেওয়া হলো।**

সভাপতি এ কার্যালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার বিভিন্ন কর্মকর্তা/কর্মচারীগণের সমন্বয়ে ২০২৩-২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত জেলা পরিবীক্ষণ কমিটির ৩য় ত্রৈমাসিক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

সভাপতির অনুমতিক্রমে জনাব শুভ্রা দাস, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সভায় বলেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) নাগরিক ও সেবাদাতার মধ্যে একটি চুক্তি যেখানে সেবা প্রদান সংক্রান্ত সকল বিবরণ ও নির্দেশনা রয়েছে। প্রার্থীত সেবা প্রদান প্রতিশ্রুতি সেবা প্রক্রিয়ায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২৩-২৪ এর সংযোজনী-৭ এ সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নের নিমিত্ত আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজনের বিষয়টি অন্তর্ভূক্ত রয়েছে। নির্দেশনা মোতাবেক এ কার্যালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীগণের সমন্বয়ে ৩য় ত্রৈমাসিক সভা আয়োজন করা হয়েছে।

সভাপতি বলেন যে, সেবা প্রার্থীদের সেবা প্রদান নিশ্চিতকল্পে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়না ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩-২৪ এর নির্দেশনা বাস্তবায়ন করতে হবে। অতঃপর সভায় ২০২৩-২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) সম্পর্কে বিশদভাবে আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | **নিজ অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ:** ত্রৈমাসিকভিত্তিতে নিজ অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) হালনাগাদপূর্বক ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপন এবং প্রকাশ্যে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত নির্ধারিত ফরম্যাটে নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা ও অভ্যন্তরীণ সেবা এই ০৩ (তিন) ভাগে ভাগ করে ত্রৈমাসিকভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি ওয়েবসাইটের সেবা বক্সে আপলোড এবং তা প্রকাশ্যে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, বরগুনা। |
| ০২ | **আওতাধীন উপজেলা অফিসসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ:** ত্রৈমাসিকভিত্তিতে আওতাধীন উপজেলা দপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) হালনাগাদপূর্বক ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপন এবং প্রকাশ্যে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | সভায় মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক নির্ধারিত ফরম্যাটে নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা ও অভ্যন্তরীণ সেবা এই ০৩(তিন) ভাগে ভাগ করে ত্রৈমাসিকভিত্তিতে সিটিজেন্স চার্টার হালনাগাদ করে স্ব-স্ব দপ্তরের ওয়েবসাইটে প্রকাশ ও প্রকাশে প্রদর্শনের ব্যবস্থা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি)গণকে অনুরোধ করা হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরগুনা<br>০২। সহকারী কমিশনার (ভূমি)(সকল), বরগুনা |

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০৩ | **<u>প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা/সভা আয়োজন:</u>** নিজ অফিসের কর্মকর্তা/কর্মচারী ও আওতাধীন দপ্তরের কর্মকর্তা/ কর্মচারী/ স্টেকহোল্ডারগণের সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ/ কর্মশালা/ সেমিনার/ অবহিতকরণ সভা আয়োজনের বিষয়ে সভায় বিশদভাবে আলোচনা করা হয়। আওতাধীন দপ্তর/সংস্থা না থাকলে নিজ দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে প্রশিক্ষণ আয়োন এবং সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে বার্ষিক প্রতিবেদন প্রণয়ন করার বিষয়ে আলোচনা করা হয়। | মন্ত্রণালয়/ বিভাগ/ দপ্তর/ সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩-২৪ এর ২.১ অনুচ্ছেদে কর্মকর্তা/ কর্মচারীদের দক্ষতাবৃদ্ধির জন্য নিজ অফিসের ও আওতাধীন অফিসের কর্মকর্তা/ কর্মচারী/ স্টেকহোল্ডারগণের সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ/ সেমিনার/ কর্মশালা/ অবহিতকরণ সভা আয়োজন করতে হবে। সেবা প্রদান সংক্রান্ত আইন-কানুন, বিধি-বিধান, চাকুরি বিধি এবং নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে প্রশিক্ষণ/ সেমিনার/ কর্মশালা/ অবহিতকরণ সভা আয়োজন করতে হবে। আওতাধীন দপ্তর/সংস্থা না থাকলে নিজ দপ্তরে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ১টি প্রশিক্ষণ/ সেমিনার/ কর্মশালা/ অবহিতকরণ সভা আয়োজন এবং সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নে অগ্রগতি বিষয়ক সংক্ষিপ্ত বার্ষিক প্রতিবেদন প্রণয়ন করতে হবে। | ০১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বরগুনা<br>০২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরগুনা<br>০৩। সহকারী কমিশনার (ভূমি)(সকল), বরগুনা |

পরিশেষে, সভাপতি সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিবীক্ষণ কমিটির সকল সদস্যকে যুগের শ্রেষ্ঠ চিন্তন, কর্ম ও আধুনিকতম প্রযুক্তির ব্যবহারের মাধ্যমে দেশ ও জাতিকে সমৃদ্ধ করার প্রত্যয় ব্যক্ত করেন। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭.০৪.২০২৪
(শুভ্রা দাস)
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
এবং
সভাপতি ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক জেলা পরিবীক্ষণ কমিটি
বরগুনা।
ফোন: +৮৮০২৪৭৮৮৫৪৭৬
ই-মেইল: adcedubarguna@mopa.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। বিভাগীয় কমিশনার, বরিশাল।
০২। জেলা প্রশাসক, বরগুনা।
০৩। পুলিশ সুপার, বরগুনা।
০৪। ........................................................................................................................ বরগুনা।
০৫। অফিস কপি।